দর্শনা পৌর আ.লীগের উদ্দ্যগে ঐতিহাসিক ৭ মার্চ পালিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত ৭ মার্চের ভাষণ উপলক্ষে সর্বস্তরের জনগণকে সাথে নিয়ে কর্মসূচি পালন করেছে দর্শনা পৌর আওয়ামীলীগ ও সহযাগী সংগঠন।

গত মঙ্গলবার ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে সকালে দর্শনা পৌর আ,লীগের দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর এমপি ও দলীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু। পতাকা উত্তোলন শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর ঐতিহাসিক ৭ই মার্চে স্বাধীনতার দিক নির্দশনা বক্তব্যে বলেন, বঙ্গবন্ধুর দেওয়া ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি বাঙালি জাতির জীবন অতিগুরুত্ব ও তাৎপর্য বহন করে এবং বাঙালি জাতির অনুপ্রেরণার অনিবার্ণ শিখা হয় অফুরান্ত শক্তি ও সাহস যুগিয়ে আসছে। একইসাথে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ জাতিসংঘের ইউনিসেফ কর্তক ‘‘বিশ্ব ঐতিহ্যের দলিল” হিসাবে স্বীকৃতি প্রাপ্ত হয়েছে।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আ,লীগের সহ-সভাপতি শফিকুল আলম, দর্শনা নাগরিক কমিটির সসদ্য সচিব ও দর্শনা পৌর আ,লীগর যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডিএস ফাজিল মাদরাসার শিক্ষক আরিফুজ্জামান আরিফ, কুড়লগাছি ইউনিয়ন আ,লীগের সাবেক সাধারণ সম্পাদক ওসমান গনি, কাজল আহম্মেদ, দর্শনা পৌর ওয়ার্ড কমিটির সাধারন সম্পাদক জয়নাল আবেদীন নফর, সাধারন সম্পাদক নেফাউর রহমান মন্টু, আ,লীগ নেতা বিল্লাল হোসেন, সোলাইমান কবির, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, হীরণ, দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের সভাপতি আরিফুল মল্লিক।

দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্র

লীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারন সম্পাদক ছাত্রলীগ নেতা লোমান, অপু সরকার। এছাড়াও দর্শনা পৌর মুক্তিযাদ্ধা সংসদ, পৌর আওয়ামী লীগ, উপজেলা ও পৌর যুবলীগ, ছাত্রলীগ, দর্শনা কলেজ ছাত্র লীগসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেন্ডার বৈষম্য করবে নিরসন” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরের মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মুুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের আয়োজনে, বুধবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলা চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়ে উপজেলা অডিটরিয়ামে নারী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। উপস্থিত ছিলেন মুজিবনগর থানার এস আই উত্তম কুমার, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শেখ শফিউদ্দিন, সাংগঠনিক সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান (শের খান)। আইজিএ প্রকল্পের ট্রেড প্রশিক্ষক আছিয়া খাতুন এর সঞ্চালনায় উপস্থিত ছিলেন, মহিলা বিষয়ক কার্যালয়ের কর্মকর্তা- কর্মচারী ও প্রশিক্ষনার্থী বৃন্দ।

কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

শেখ হাসিনার বারতা,নারী পুরুষ সমতা এই স্লোগান নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে উপজেলার অফিসার্স ক্লাব মিলনায়তনে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহর সভাপতিত্বে।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি খাতুন, পৌর সভার প্যানেল মেয়র জাহিদ হোসেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি নিরুপমা রায়, মডেল থানার অফিসার ইনর্চাজ মইন উদ্দিন, সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, কৃষি অফিসার মহাসীন আলী, পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবুহেনা মুস্তাফিজ, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, পৌর সভার কাউন্সিলর মাহবুব খান হানিফ, মহিলা কাউন্সিলর পিউলি খাতুন, রত্না খাতুন প্রমুখ।

আলোচনা সভা সঞ্চালনা করেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। আলোচনা সভায় বক্তারা নারী দিবসের বিভিন্ন তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন অতিথিরা। এ সময় প্রশিক্ষণ আর্থি ও জয়িতা নারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। সে সময় উপজেলা প্রশাসনে কর্মকর্তা, নির্যাতিত নারী,সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন

গাংনীতে আন্তর্জাতিক নারী দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে পালিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে।”ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন ও জেন্ডার বৈষম্য করবে নিরসন” প্রতিপাদ্যে নানা আয়োজনের মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়।

এ উপলক্ষে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে বুধবার সকাল ১০টার দিকে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত) রনী খাতুনের সভাপতিত্বে ও বিউটিফিকেশন প্রশিক্ষক নার্গিস সুলতানার সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাছিমা খাতুন। বক্তব্য রাখেন মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা সহকারি কমিশনার(ভূমি) নাদির হোসের শামিম, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান একেএম শফিকুল আলম, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু। এসময় বিভিন্ন কর্মকর্তা ও প্রশিক্ষনার্থীসহ সুবিধাভোগী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে নানা আয়োজনে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

সারা বিশ্বের বঞ্চিত, অবহেলিত, শোষিত, স্বাধীনতা ও মুক্তিকামী মানুষের চিরন্তন অনুপ্রেরণা ঐতিহাসিক ৭ই মার্চ।

নানা কর্মসূচির মধ্য দিয়ে মুজিবনগরে পালিত হয়েছে এই দিনটি। দিবসের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানিয়েছেন সর্বস্তরের মানুষ।

ঐতিহাসিক ৭ মার্চ। বাঙালির স্বাধীনতা সংগ্রামের একটি ঐতিহাসিক দিন। স্বাধীনতা সংগ্রামের চূড়ান্ত পর্যায়ে এসে ১৯৭১ সালের এ দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতিকে মুক্তিযুদ্ধের জন্য প্রস্তুত হওয়ার নির্দেশ দেন। মুক্তিযুদ্ধ অবশ্যম্ভাবী এবং যে কোনো সময় জাতিকে অস্ত্র হাতে শত্রুর বিরুদ্ধে যুদ্ধে নামতে হবে ৭ মার্চের ভাষণের মধ্য দিয়ে বঙ্গবন্ধু সেটা স্পষ্ট করেছিলেন।এ ভাষণের মধ্যে দিয়ে বঙ্গবন্ধু স্পষ্ট ভাবেই বাংলাদেশের স্বাধীনতা শব্দটি উচ্চারণ করেছিলেন এবং মুক্তিযুদ্ধের মাধ্যমে সেই স্বাধীনতা অর্জনে যে গেরিলাযুদ্ধের প্রয়োজন তার প্রস্তুতি নেওয়ার নির্দেশ দিয়েছিলেন। বঙ্গবন্ধুর এ ভাষণটি আজ বিশ্ব ঐতিহ্য হিসেবেও স্বীকৃত। এটি বিশ্বে সর্বাধিকবার প্রচারিত অলিখিত ভাষণ। এ দিন ঢাকায় রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক উত্তাল জনসমুদ্রে দাঁড়িয়ে বলেন, “এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম, এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম”। তার এ ভাষণ ছিল জাতিকে মুক্তিযুদ্ধের জন্য প্রস্তুত থাকার চূড়ান্ত নির্দেশনা।বঙ্গবন্ধুর ডাকে দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে ১৬ ডিসেম্বর বাঙালি জাতির সেই বিজয় অর্জিত হয়।

দিনটি উদযাপন উপলক্ষে মুজিবনগর উপজেলা নিবার্হী অফিসার অনিমেষ বিশ্বাস এর নেতৃত্বে উপজেলা প্রশাসন মুজিবনগর কমপ্লেক্সে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন সঙ্গে ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ, প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দীন, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন।

পর্যায়ক্রমে শ্রদ্ধা জানান মুজিবনগর থানার পক্ষে অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেল, মুক্তিযোদ্ধাদের পক্ষে শ্রদ্ধা জানান বীর মুক্তিযোদ্ধা আহসান আলী, বাংলাদেশ আনসার ও ভিডিপির পক্ষে উপজেলা আনসার ভিডিপি অফিসার মিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন এসময় সঙ্গে ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধু সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তকিম হক খোকন,মহাজনপুর ইউনিয়ন

আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টু, কৃষক লীগের সভাপতি জাহীদ হাসান রাজীব, সম্পাদক শাহিনুজ্জামান মানিক,, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের সকল নেতা কর্মী উপস্থিত ছিলেন ।

শ্রদ্ধা নিবেদন করেন, উপজেলা যুব মহিলালীগের সভাপতি তকলিমা খাতুন ও সম্পাদিকা তাহমিনা খাতুন, শ্রদ্ধা নিবেদন উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহ সভাপতি মতিউর রহমান মতিন, বাংলাদেশ ছাত্র লীগের পক্ষে শ্রদ্ধা জানান মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি গাজী স্বপন ইয়ং বাংলা ফিচার লিডার মুজিবনগর শাখার পক্ষে সভাপতি হাসানুজ্জামান লালটু, সম্পাদক মতিউর রহমান মতিন এবং শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান ও আবাসিক মেডিকেল অফিসার ডাঃ তৌফিক আহমেদ, ফায়ার সার্ভিস মুজিবনগর, পল্লী বিদ্যুৎ সমিতি সহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ পুষ্পমাল্য অর্পণ করেন।

পুষ্পমাল্য অর্পণ শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।

পরে বেলা ১০টা দিকে উপজেলা পরিষদ অডিটরিয়ামে ৭ই মার্চ উপলক্ষে আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগরে জাতীয় ভোটার দিবস পালিত

জীবননগরে র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে জাতীয় ভোটার দিবস উপলক্ষে উপজেলা চত্বর থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর

উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি)তিথি মিত্র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর উপজেলা নির্বাচন অফিসার মোঃ মেজর আহম্মেদ প্রমুখ।

আলোচনা সভা শেষে নতুন ভোটারদের মাঝে স্মার্ট ভোটের আইডি কার্ড বিতরণ করা হয়।

মেহেরপুর পুলিশ মেমোরিয়াল ডে পালিত

কর্তব্যের তরে, করে গেলে যাঁরা, আত্মবলিদান প্রতিক্ষণে স্মরি, রাখিব ধরি, তোমাদের সম্মান ”এ প্রতিপাদকে মেহেরপুর জেলা পুলিশের উদ্দ্যেগে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের স্মরণে “পুলিশ মেমোরিয়াল ডে-২০২৩” পালিত হয়েছে।

গতকাল বুধবার মেহেরপুর জেলা পুলিশ লাইন্স মাঠে বাংলাদেশ পুলিশে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের স্মরণে যথাযথ মর্যাদায় ‘পুলিশ মেমোরিয়াল ডে-২০২৩’পালন করা হয়।

পুলিশ লাইন্স মাঠে স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও স্যালুট জানিয়ে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের প্রতি সম্মান প্রদর্শন ও শ্রদ্ধা নিবেদন করেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম পিপিএম।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রসাশন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মইনুল আহমেদ, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদি রাসেল, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল আলমসহ মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিট

কর্মকর্তা।

পরে পুলিশ লাইন্স ড্রিল সেডে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান ও স্মরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পুলিশ সুপার কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের পরিবারের খোঁজখবর নেন এবং যেকোন প্রয়োজনে পাশে থাকার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

গত ২৬ ফেব্রুয়ারি ২০২৩ কর্তব্যরত অবস্থায় ২০২২ সালে জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যের পরিবারকে বাংলাদেশ পুলিশের সম্মানিত ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, বিপিএম (বার), পিপিএম মহোদয় কর্তৃক প্রদত্ত নগদ অর্থ, উপহার সামগ্রী ও সম্মাননা ক্রেস্ট প্রদান করেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম ।

দামুড়হুদায় জাতীয় বীমা দিবস পালিত

“আমার জীবন আমার সম্পদ, বীমা করলে থাকবে নিরাপদ” এই প্রতিপাদ্য নিয়ে দামুড়হুদা উপজেলায় জাতীয় বীমা দিবস ২০২৩ উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে বুধবার বেলা ১০ টার সময় উপজেলা চত্বরে র্যালি ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, ফারইষ্ট ইসলামী লাইফ ইন্সুইরেন্স কোম্পানী লিঃ এর চুয়াডাঙ্গা জোনাল ইনচার্জ ও জাহাঙ্গীর আলম, পপুলার লাইফ ইন্সুইরেন্সে ছোটনসহ বিভিন্ন বীমা কোম্পানির কর্মকর্তা ও উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় পুলিশ মেমোরিয়াল ডে পালিত

আইন-শৃঙ্খলা রক্ষায় কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের স্মরণে চুয়াডাঙ্গা জেলা সহ দেশব্যাপী বুধবার (১ মার্চ) সকল পুলিশ ইউনিটে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে ‘পুলিশ মেমোরিয়াল ডে ২০২৩’।

সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গা জেলা পুলিশ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। এসব কর্মসূচির মধ্যে ছিল পুলিশ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ সদস্যদের পরিবারবর্গকে সম্মাননা স্মারক প্রদান।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ লাইন্সে এ দিবসটি পালন করা হয়। বুধবার সকালে পুলিশ লাইন্স চত্বরে নির্মিত অস্থায়ী পুলিশ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। পরে একে একে সদর সার্কেল, দামুড়হুদা সার্কেল, সিআইডি, ডিবি, ডিএসবিসহ সকল থানার অফিসার ইনচার্জবৃন্দ, নিহত পুলিশ সদস্যদের পরিবারবর্গ গভীর শ্রদ্ধায় স্মৃতিস্তম্ভে পুস্পস্তবক অর্পণ করেন। অনুষ্ঠানের শুরুতে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত সকলে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করে তাদের প্রতি সম্মান জানান

২০২১ সাল এবং তার পূর্বে চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা ও পুলিশ সদস্য যারা জেলার বাহিরে বিভিন্ন ইউনিটে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী তাদের ০৮টি পরিবারের সদস্যবর্গকে সম্মাননা স্মারক ও শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। পুলিশ সুপার নিহত পুলিশ সদস্যদের প্রত্যেকের পরিবারবর্গের হাতে ক্রেস্ট ও ব্যবহার্য সামগ্রী তুলে দেন। নিহত পুলিশ সদস্যদের পরিবারবর্গ পুলিশ সুপারকে তাদের কাছে পেয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)

আনিসুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মোঃমুন্না বিশ্বাস সহ বিভিন্ন ইউনিটের প্রধানগণ, সদর কেন্দ্রিক পুলিশ পরিদর্শক ও বিভিন্ন পদমর্যাদার পুলিশ সদস্যগণ এবং কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ সদস্যদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০১৭ সাল থেকে প্রতি বছর ১ মার্চ নিহত পুলিশ সদস্যদের স্মরনে পুলিশ মেমোরিয়াল ডে পালন করা হয়ে থাকে।

দর্শনায় মহান মাতৃভাষা দিবস পালিত

দর্শনা ও আশপাশ এলাকায় যথাযথ মর্যাদার সাথে আন্তর্জাতিক মহান মাতভাষা দিবস পালিত হয়েছে। জাতীয় ও শোক পতাকা, প্রভাতফেরী, শহীদ বেদীতে পুস্পমাল্য অর্পন সহ নানা আয়োজনের মধ্যে দিয়ে দিবসটি পালন করা হয়।

মঙ্গলবার সকালে দর্শনা রেলবাজারস্থ বঙ্গবন্ধু চত্তর থেকে নেতৃবৃন্দের সাথে নিয়ে জাতীয়, দলীয় ও শোক পতাকা উত্তলোন করা হয়েছে। সকাল সাড় ৮ টার দিকে দর্শনা কেরুজ বাজার মাঠে শফত বাক্য পাঠ করান চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজি আলী আজগার টগর।

পরে প্রভাত ফেরী বের করে কলজ শহীদ মিনারে পুস্পমাল্য অর্পন করা হয়। প্রভাতফেরীত অংশ গ্রহন ও শহীদবেদীতে পুস্পমাল্য অর্পণ যে সকল প্রতিষ্ঠান ও ব্যাক্তির পক্ষ থেকে করা হয়েছে, তাদের মধ্যে রয়েছে, দর্শনা পৌর মুক্তিযোদ্ধা সংসদ, দর্শনা পৌর আ.লীগ, যুবলীগ, ছাত্রলীগ, দর্শনা পৌর বিএনপি, দর্শনা সরকারি কলেজ, দর্শনা ডিিএস ফাজিল মাদরাসা, দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দক্ষিণচাদপুর মাধ্যমিক বিদ্যালয়, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়, দর্শনা প্রেসক্লাব, অংকুর আদর্শ বিদ্যালয়, লিটিল এনজেলেস ইন্টার ন্যাশনাল স্কুল, ওয়েভ ফাউন্ডেশন, অনির্বাণ থিয়েটার, সাম্প্রতিক সাংস্কৃতিক সংগঠন, দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতি, পুরাতন বাজার দোকান মালিক সমিতি, দর্শনা স্থলবন্দর দর্শনা ইলক্সট্রনিক্স মিস্ত্রি কমিটি, ফারিয়া, মৌচাক সামাজিক উন্নয়ন

সংস্থা, রামাযুস, কমিউনিস্ট পার্টি, শ্যামপুর, পূর্বরামনগর, পরাণপুর, দক্ষিণচাদপুর, কাস্টমস, জয়নগর, শান্তনগর, আজমপুর, পশ্চিমরামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মোটর শ্রমিক ইউনিয়ন, রিকসা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, নির্মান শ্রমিক ইউনিয়ন, লাল সুবজ উনয়ন সংস্থা সহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন। দর্শনা পৌর আ.লীগের যুগসম্পাদক গোলাম ফারুক আরিফের উপস্থাপনায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা সরকারি কলজের অধ্যক্ষ রেজাউল করিম, উপাধ্যক্ষ ড. মফিজুর রহমান, দর্শনা পৌর আ.লীগর সভাপতি বীর মুক্তিযাদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর মেয়র প্রার্থী আতিয়ার রহমান হাবু, কেরুজ চিনিকলর অবসর প্রাপ্ত এডিএম শেখ শাহাবউদ্দিন, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল হক সুমন, শফিকুল আলম, বিল্লাল হোসেন, আজাদ, ফয়সাল, দামুড়হুদা উপজলা যুবলীগর সভাপতি আ. হানান ছোট, হবা জোয়াদ্দার, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগর সভাপতি আরিফ মল্লিক, দর্শনা পৌর ছাত্রলীগর সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্রলীগর সভাপতি নাহিদ পারভেজ, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু প্রমুখ। কেরুজ চিনিকল কর্তপক্ষ ও শ্রমিক-কর্মচারি ইউনিয়ন মহান একুশ যথাযথ মযার্দার সাথে পালন করেছে।

জাতীয় ও শোক পতাকা উত্তলোন, পুস্পমাল্য অর্পন ও আলাচনাসভায় উপস্থিত ছিলেন, চিনিকলর ব্যবস্থাপনা পরিচালক মোশারফ হোসেন, মহাব্যবস্থাপক (অর্থ) সাইফুল ইসলাম, মহাব্যবস্◌াপক (প্রশাসন) ইউসুফ আলী, কেরুজ শ্রমিক-কর্মচারি ইউনিয়নর সভাপতি ফিরাজ আহমেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান প্রমুখ।

এ ছাড়া দর্শনা থানা বিএনপির আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বিএনপি নেতা আ. রশিদর সভাপতিত্ব উপস্তিত ছিলেন, থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত, সাধারণ সম্পাদক আহমদ আলী, বিএনপি নেতা হাবিবুর রহমান বুলেট, মুহিত জায়ার্দ্দার, খায়রুল ইসলাম, শফিউল্লাহ, মামিনুল ইসলাম প্রমুখ। দোয়া পরিচালনা করেন মাওঃ ওসমান গণি।